# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪১.০০১.২৩-১১৭৩ তারিখ: ২ শ্রাবণ, ১৪৩৩ / ১৭ জুলাই, ২০২৬

**বিষয়: চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার আলিম পরীক্ষা-২০২৬ স্থগিত প্রসঙ্গে।**

সূত্র: আশিবো/প্রশা/২০১০/৮৪; তারিখ: ১৬.০৭.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সাম্প্রতিক বন্যা-পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত এলাকাসমূহের সার্বিক অবস্থা, পরীক্ষার্থীদের মানসিক ও শারীরিক অবস্থা, সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে আলোচনা এবং বন্যার কারণে ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট ও যোগাযোগ ব্যবস্থার ফলে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের নিরাপদে আসা-যাওয়ার অসুবিধার বিষয়টি বিবেচনা করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন **চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার আলিম পরীক্ষা-২০২৬-এর নির্ধারিত পরীক্ষা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত করা হলো।**

স্থগিত পরীক্ষাসমূহের সংশোধিত সময়সূচি পরবর্তীতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। উল্লেখিত পাঁচ জেলা ব্যতীত অন্যান্য জেলার আলিম পরীক্ষা-২০২৬ পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী যথারীতি অনুষ্ঠিত হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ ফারুক আহম্মেদ
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন : ০২৫৮৬১০২০২
ই-মেইল: controller@bmeb.gov.bd

চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার কেন্দ্রসমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তা।

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪১.০০১.২৩-১১৭৩(৮) তারিখ: ২ শ্রাবণ, ১৪৩৩ / ১৭ জুলাই, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা;
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা;
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা;
৫. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা;
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।